# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৫৭

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ বন্ধকরূপে রক্ষিত বস্তু থেকে উপকার গ্রহণ করা।

باب مَا جَاءَ فِي الاِنْتِفَاعِ بِالرَّهْنِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، وَيُوسُفُ بْنُ عِيسَى، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ زَكَرِيَّا، عَنْ عَامِرٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الظَّهْرُ يُرْكَبُ إِذَا كَانَ مَرْهُونًا وَلَبَنُ الدَّرِّ يُشْرَبُ إِذَا كَانَ مَرْهُونًا وَعَلَى الَّذِي يَرْكَبُ وَيَشْرَبُ نَفَقَتُهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ لاَ نَعْرِفُهُ مَرْفُوعًا إِلاَّ مِنْ حَدِيثِ عَامِرٍ الشَّعْبِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ . وَقَدْ رَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنِ الأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ مَوْقُوفًا . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لَيْسَ لَهُ أَنْ يَنْتَفِعَ مِنَ الرَّهْنِ بِشَيْءٍ .

বাংলা

১২৫৭. আবূ কুরায়ব ও ইউসূফ ইবনু ঈসা (রহঃ) ..... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, বন্ধকরূপে রক্ষিত জন্তুর পিঠে আরোহণ করা যাবে এবং বন্ধকরূপে রক্ষিত জন্তুর দুগ্ধও পান করা যাবে। যে ব্যক্তি আরোহণ করবে বা দুগ্ধপান করবে তার উপর থাকবে জন্তুটির ব্যয়ভার। - ইবনু মাজাহ ২২৪০, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৫৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সাহীহ। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে আমির আশ-শা’বী (রহঃ) এর সূত্র ব্যতীত এটি মারফু’রূপে বর্ণিত আছে বলে আমাদের জানা নাই। একাধিক রাবী এটিকে আ’মাশ- আবূ সালিহ- আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে মওকূফরূপে রিওয়ায়াত করেছেন। কতক আলিম এতদনুসারে আমল করেছেন। এ হলো ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। কতক আলিম বলেন, বন্ধকরূপে রক্ষিত বস্তু থেকে কোনরূপ উপকার লাভ করা যাবে না। এ হলো জমহুর আলিমগণের অভিমত।

## English

Narrated Abu Hurairah:

That the Messenger of Allah (ﷺ): "A riding animal can be ridden while it is pawned, and a milking animal can be milked while it is pawned, and it is up to the one riding and drinking (the milk) to maintain it."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih.

We do now know of it being Marfu' except by the narration of 'Amir Ash-Sha'bi from Abu Hurairah. Others have reported this Hadith from Al-A'mash, from Abu Salih, from Abu Hurairah in Mawquf form.

This is acted upon according to some of the people of knowledge, and it is the view of Ahmad and Ishaq.

Some of the people of knowledge said that one may not benefit in any way from what is pawned.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18449

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন